

## রাকুমারের অঙ্গে কাল সর্পাঘাত

এইভাবে হইতেছে কালের হরণ।  
 একদিন শুন সবে দৈব নিবন্ধন।।  
 প্রভু প্রিয়ভক্ত রামকুমার ভকত।  
 তার বাড়ী যান প্রভু ভক্ত সঙ্গে কত।।  
 তৃতীয় প্রহরে রাত্রি নাম-সংকীৰ্তন।  
 কীৰ্তনান্তে করিলেন গৃহেতে গমন।।  
 সকল ভকতগণ বিদায় করিয়া।  
 গৃহে যান প্রভু রামকুমারে লইয়া।।  
 গোবিন্দ মতুয়া সঙ্গে হইয়া মিলন।  
 কীৰ্তনের ভাব অঙ্গে আছে তিনজন।।  
 গোবিন্দ পিছনে ধায় মধ্যেতে কুমার।  
 সকলের অগ্ৰেতে ঠাকুর অপর।।  
 গোবিন্দ নিকটবর্তী প্রভু কিছু দূরে।  
 হেনকালে সর্পাঘাত করিল কুমারে।।  
 খঁর খঁর করি গাত্র কাঁপিতে লাগিল।  
 বলে ‘প্রভু! কালসাপে আমারে কাটিল’।।  
 প্রভু বলে ‘কি সর্প তা জানিলে কেমনে?  
 গোস্কুর কি কালসাপ দেখেছ নরনে?’  
 কুমার বলিল জ্যেৎস্নায় দেখা যায়।  
 ওই সেই সর্প মোরে দংশে চ’লে যায়।।  
 ঠাকুর বলেন তার বুকুে দিয়া কর।  
 “গাত্র যেন কাঁপে তোর বুক ধড়ফড়।।  
 সর্পের দংশনে তোর কেন হ’ল ভয়?  
 দেখ সাপ ধরে আনি কেমনে দংশয়?  
 দাঁড়া তুই আমি সেই সর্প ধরে আনি।  
 যার বিষ চুমুকিয়া লবে সেই ফণী।।”  
 কহিছে রামকুমার তাহা না পারিব।  
 পুনঃ সাপ দেখে প্রভু শঙ্কায় মরিব।।  
 ঠাকুর কহিছে “তুই আয় মম কাছে।  
 দেখি তোরে কোনখানে সাপ দংশিয়াছে?”

দেখাইয়া দিল ঘা ভকত মহাশয়।  
 দেখে দংশিয়াছে বাম পায়ে পাতায়।।  
 দক্ষিণ পদ-অঙ্গুলি ঠাকুর তখনে।  
 সর্পকাটা ঘায়ে ছোঁয়াইল ততক্ষণে।।  
 “সর্প কোথা বিষ কোথা কেন রে ভাবিস্।  
 সর্পের নিকটে থাকে মানুষের বিষ?  
 ব্রহ্মার কুমার দক্ষ মানুষাবতার।  
 সবে জানে যটি কন্যা জন্মিল তাহার।।  
 মানুষ কশ্যপমুনি তের কন্যা লয়।  
 যুগধর্ম অষ্টকন্যা করে পরিণয়।।  
 একাদশ কন্যা তার রুদ্রে বিয়া করে।  
 সাতাইশ কন্যা দিল নিশাকর করে?  
 নবরূপ প্রজাপতি জাতিতে মানুষ।  
 তার কন্যা বিয়া করে অনাদিপুরুষ।।  
 দক্ষপুরে সতী ত্যাগ করিল জীবন।  
 শব শিরে করি শিব করিল রোদন।।  
 নয়ন জলেতে সেই বিষ বাহিরিল।  
 সমুদ্র-মস্থন-কালে সে বিষ উঠিল।।  
 জাতি সর্প অনন্ত বাসুকী যারে কয়।  
 মানুষ কশ্যপমুনি তার পিতা হয়।।  
 বাসুকী বন্ধন দড়ি তখনে হইল।  
 সমুদ্র-মস্থন-কালে বিষ উগারিল।।  
 বিষে বিষ মিশিল খাইল শূলপাণি।  
 পাবর্বতীর দুগ্ধপানে নির্বিষ অমনি।।  
 ‘বিষহরি’ বিষ হরি নিল সে সময়ে।  
 জটাচার্ভ বংশে জরুৎকার করে বিয়ে।।  
 সেই পদ্মা বিষকর্ত্রী তার কাছে বিষ।  
 বিষ মানুষের নারী ভয় কি করিস্?  
 মহতের কোপে হয় বিষ উপার্জন।।  
 সাপে কি করিতে পারে করিয়া দংশন?  
 বিষ খাইয়াছে সর্প তোমাকে দংশিয়া?  
 মরিবে ও সর্প কল্য দেখিও আসিয়া।।”